তারিখ 26 JUL 2016
পৃষ্ঠা 8 কলাম 6

দৈনিক
ইত্তেফাক

# অষ্টম শ্রেণির পরীক্ষা গণশিক্ষা মন্ত্রণালয়ের তত্ত্বাবধানে

■ ইত্তেফাক রিপোর্ট

চলতি বছর থেকেই অষ্টম শ্রেণির সমাপনী জেএসসি ও জেডিসি পরীক্ষা প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের তত্ত্বাবধানে অনুষ্ঠিত হবে। তবে এ পরীক্ষা আয়োজনে সহযোগিতা করবে শিক্ষাবোর্ডগুলো। গতকাল সোমবার এ সংক্রান্ত চিঠি শিক্ষা মন্ত্রণালয় থেকে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ে পাঠানো হয়।

শিক্ষা মন্ত্রণালয়ের উপসচিব সালমা জাহান স্বাক্ষরিত চিঠিতে বলা হয়, জেএসসি ও জেডিসি পরীক্ষা প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের তত্ত্বাবধানে শিক্ষা মন্ত্রণালয়ের ৮টি সাধারণ শিক্ষা বোর্ড ও ১ টি মাদ্রাসা শিক্ষা বোর্ডের অধীনে অনুষ্ঠিত হবে।

২০১০ সালে প্রণীত জাতীয় শিক্ষানীতিতে বলা হয়েছিল, ২০১৮ সালের মধ্যে প্রাথমিক শিক্ষা স্তর অষ্টম শ্রেণি পর্যন্ত সম্প্রসারিত হবে।